মহাজোট করেছি, নির্বাচন করেছি তাই বলে আ.লীগ হয়ে যাইনি: জিএম কাদের

চেম্বার ডেস্ক:: জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের বলেছেন, আমরা আওয়ামী লীগের সাথে মহাজোট করেছি, নির্বাচন করেছি। আমাদের সাথে ঘনিষ্ঠতা রয়েছে, তাই বলে আমরা আওয়ামী লীগ হয়ে যাইনি।

শনিবার (২১ নভেম্বর) বিকেলে রাজধানীর কাকরাইল ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনিস্টিটিউশন মিলনায়তনে জাপা ঢাকা মহানগর দক্ষিণের প্রতিনিধি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

জিএম কাদের বলেন, আমাদের একটি স্বতন্ত্র রাজনীতি রয়েছে। জনগণ যদি মনে করে আওয়ামী লীগ আর জাতীয় পার্টি এক তাহলে এটা আওয়ামী লীগ ও জাতীয় পার্টি কারও জন্য সুখকর নয়। আমরা চাই আমাদের বক্তব্যে আমরা আমাদের রাজনীতি জনগণের কাছে তুলে ধরবো।

জাপা চেয়ারম্যান শিক্ষাঙ্গন বন্ধ প্রসঙ্গে বলেন, যেখানে সব ব্যবসা প্রতিষ্ঠান, হাট বাজার খোলা সেখানে শিক্ষাঙ্গন বন্ধ রাখার কোনো যুক্তি দেখছি না। করোনা ভাইরাস আবারও ভয়াবহ রূপ ধারণ করতে পারে। সরকার এজন্য কি প্রস্তুতি গ্রহণ করেছে আমরা জানিনা। মফস্বলের অবস্থা আরও ভয়াবহ। বেশিরভাগ হাসপাতালে আইসিইউ নেই। সাধারণ মানুষের প্রাইভেট চিকিৎসা করার ক্ষমতা নেই। যে কারণে জেলা শহরগুলোতে করোনার কারণে ব্যাপক প্রাণহানির সম্ভাবনা রয়েছে।

তিনি আরও বলেন, আজ দেশে রাজনৈতিক কর্মকাণ্ড নেই বললেই চলে। বড় তিনটি দল ছাড়া অন্য রাজনৈতিক দল দৃশ্যমান নয়। এটি ভালো লক্ষ্মণ নয়। রাজনৈতিক দল যত বেশি থাকবে জবাবদিহিতা তত নিশ্চিত হয়। আজ আইন করেও অপরাধ ঠেকানো যাচ্ছে না। এর কারণ দেশে সুশাসনের অভাব।

সভায় জাপা মহাসচিব সরকারের সমালোচনা করে বলেন, দেশে ধর্ষণ সন্ত্রাস চাঁদাবাজি অব্যাহত রয়েছে। দুর্নীতি ও দুঃশাসনে ছেয়ে গেছে দেশ। মানুষের জীবনের নিরাপত্তা নেই, বাক স্বাধীনতা নেই। জনগণ আজ কথা বলতেও ভয় পাচ্ছে। সে ভয় ভাঙতে হবে। ভয় ভাঙতে সেই

দুর্নীতিমুক্ত, দুঃশাসনমুক্ত এরশাদের শাসনামলে ফিরে যেতে হবে।

প্রতিনিধি সভায় সভাপতির বক্তব্যে সৈয়দ আবু হোসেন বাবলা এমপি বলেন, ইসলামী মূল্যবোধ ও মুক্তিযুদ্ধের চেতনায় উদার গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য দীর্ঘ তিন দশক ধরে কাজ করে যাচ্ছে। আগামী জাতীয় নির্বাচনে আমাদেরকে ক্ষমতায় যেতে হলে আমাদের নেত্রী বেগম রওশন এরশাদ ও চেয়ারম্যান জিএম কাদেরের নেতৃত্বে সকলস্তরের নেতাকর্মীদেরকে সব ধরণের মতো পার্থক্য ভুলে ঐক্যবদ্ধ হতে হবে।

জাপার অতিরিক্ত মহাসচিব, ঢাকা দক্ষিণের সভাপতি সৈয়দ আবু হোসেন বাবলা এমপির সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক জহিরুল আলম রুবেলের সঞ্চালনায় সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন পার্টির মহাসচিব জিয়াউদ্দীন আহমদ বাবলু।